# এমপিওভুক্ত শিক্ষকদের বেতন নিয়ে নতুন নির্দেশনা

**অনলাইন ডেস্ক**

প্রকাশিত: ২৩:২১, ২২ আগস্ট ২০২৫




ছবি: সংগৃহীত।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) সম্প্রতি সব এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীর বেতন ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) মাধ্যমে পাঠানোর জন্য নতুন নির্দেশনা জারি করেছে। প্রতিষ্ঠান প্রধানদের বলা হয়েছে, ২৩ আগস্টের মধ্যে আগস্ট মাসের এমপিও বিল অনলাইনে সাবমিট করতে হবে।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, যদি উদ্দেশ্যপ্রণোদিত ভুল তথ্য দেয়ার কারণে কোনো শিক্ষকের এমপিও টাকা ইএফটিতে পাঠানো না হয়,

তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের ওপর থাকবে। এমপিওর টাকা ইএফটিতে পাঠানোর ক্ষেত্রে প্রধানের দাখিল করা তথ্যই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

প্রতিষ্ঠান প্রধান মাসের সময়মতো বিল সাবমিট না করলে শিক্ষক-কর্মচারীদের এমপিও টাকা ইএফটিতে পাঠানো হবে না। সাবমিট করা বিলের একটি কপি ডাউনলোড করে প্রধান ও পরিচালনা পর্ষদের সভাপতির স্বাক্ষরসহ সংরক্ষণ করতে হবে।

২০২৪ সালের ১ জানুয়ারি থেকে এমপিও টাকা ইএফটিতে প্রদান শুরু হয়েছে এবং জুলাই মাস পর্যন্ত সরাসরি শিক্ষক-কর্মচারীদের ব্যাংক হিসাব নম্বরে পাঠানো হয়েছে। আগস্ট মাস থেকে অনলাইনে মাসভিত্তিক এমপিও বিল সাবমিশনের ব্যবস্থা চালু হয়েছে।

প্রতিষ্ঠান প্রধান তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ইএমআইএস সিস্টেমের এমপিও-ইএফটি মডিউলে লগ-ইন করে প্রতিটি শিক্ষক-কর্মচারীর প্রাপ্য এমপিও সঠিকভাবে নির্ধারণ করে বিল সাবমিট করবেন। এছাড়া, মৃত্যুবরণ বা পদত্যাগ, সাময়িক বরখাস্ত,

অনুমোদনহীন অনুপস্থিতি বা বিধিমোতাবেক আংশিক/সম্পূর্ণ বেতন কর্তনের তথ্যও বিল সাবমিশনে উল্লেখ করতে হবে।